



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/অ/১১৬/ফরিদ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ১৫/০২/২০২০ তারিখের আবেদন।

(২) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর-এর ০১/১১/২০২০ তারিখের ৬৪০ নং তদন্ত প্রতিবেদন।

(৩) বোর্ডের ১৫/১১/২০২০ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) অর্থ আত্মসাৎ (ভুয়া শিক্ষার্থীর নামে ও বৃত্তিপ্রাপ্ত ছাত্রের সরকারি অনুদান, কৃষি খাতে, সাধারণ তহবিলের ও টিউশন ফি), (২) সহকারী গ্রন্থাগারকে বেআইনী বরখাস্ত ও তদন্তে নিয়োগের পদক্ষেপ গ্রহণ, (৩) স্বাক্ষর জালিয়াতি (সভাপতি ও শিক্ষক প্রতিনিধি), (৪) রেজুলেশন বইয়ের ১৫ ও ১৬নং পাতা ফাঁকা রাখা, (৫) জেএসসি পরীক্ষায় (নিজ পুত্রকে একাধিক বিদ্যালয় থেকে রেজিঃ ও ফরম পূরণ), (৬) বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ রেজিঃ ও দালিলিক সনদপত্র নিজ দখলে রাখা (সাধারণ ও কলামনার ক্যাশবহি, বিল ভাউচার, পরিদর্শন বহি, রেজুলেশন বহি ১৯৯২-১৯৯৫, ২০০৫-২০১৪, ২০১৬-২০১৮, এফডিআর, জমির দলিল, প্রথম স্বীকৃতি ও এমপিও আদেশের মূলকপি, শাখা খোলা, শিক্ষক-কর্মচারী নিয়োগ) ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্ত অনুমোদনের জন্য বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করেছে। আনীত অভিযোগসমূহ জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর-এর তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, বোর্ডের ১৫/১১/২০২০ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত প্রতিবেদন এবং অভিযোগসমূহ পূঙ্খানুপূঙ্খ বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি

বাউষখালী উচ্চ বিদ্যালয়

পোঃ- বাউষখালী, উপজেলা- সালথা

জেলা- ফরিদপুর।

মেমো নং- ৪২৬৭ (২৩)

তারিখ : ২০/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বাউষখালী উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ সাহিদুজ্জামান সাহিদ, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বাউষখালী উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২০/১২/২০